DESCO
POWER IS YOURS

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড
প্রশাসন বিভাগ
www.desco.org.bd
২২/বি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০৫.২০.১৬৯ তারিখ: ২২ বৈশাখ ১৪২৭
০৫ মে ২০২০

বিষয়: **করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সার্বিক পরিস্থিতি বিবেচনায় পূর্বঘোষিত সাধারণ ছুটির ধারাবাহিকতায় সাপ্তাহিক ছুটিসহ সাধারণ ছুটির মেয়াদ ১৬ মে ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিতকরণ এবং দেশে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বর্তমান পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অবহিতকরণ।**

সূত্র: ১। নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৮০, তারিখঃ ৪ মে ২০২০।
২। স্মারক নম্বর ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.৭৬, তারিখঃ ৩ এপ্রিল ২০২০।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সার্বিক পরিস্থিতি বিবেচনায় পূর্বঘোষিত সাধারণ ছুটির ধারাবাহিকতায় বুদ্ধ পূর্ণিমার ছুটি ও সাপ্তাহিক ছুটিসহ সাধারণ ছুটির মেয়াদ ১৬ মে ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিতকরণের বিষয়ে সূত্রস্থ ১ স্মারকমূলে জারিকৃত সরকারি প্রজ্ঞাপন এবং দেশে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বর্তমান পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথ সংযুক্ত করে প্রেরণ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

৫-৫-২০২০
এস. এম. জামিল হুসাইন
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :
১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি/এমপি এন্ড এস/ডি এন্ড এমডব্লিউ/আইসিটি/এস এন্ড ডি অপারেশন (ইস্ট জোন ১/ ইস্ট জোন ২/ ওয়েস্ট জোন ১/ওয়েস্ট জোন ২)/ পিআই এন্ড টি/ জিএসপি এন্ড ইএ/এমভিএসএসএম/ প্রকল্প পরিচালক (গ্রীড/বিতরণ)/কোম্পানি সচিব/ উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন/ এইচআরএম/অর্থ/হিসাব/ইন্টারনাল অডিট)।
২) নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (পল্লবী/কাফরুল/মনিপুর/আগারগাঁও/রূপনগর/শাহআলী/গুলশান/জোয়ারসাহারা/বারিধারা/ বাড্ডা/উত্তরা(পূর্ব)/উত্তরা(পশ্চিম)/টঙ্গী(পূর্ব)/টঙ্গী(পশ্চিম)/উত্তরখান/দক্ষিণখান)/এলএন্ডজিএস/মনিটরিং সেল/ সেন্ট্রাল স্টোর/ মিটার ওয়ার্কশপ/টেস্টিং এন্ড রিপেয়ারিং/স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপক (এস্টেট এন্ড লিগ্যাল অ্যাফেয়ার্স/ সাব-স্টোর/নিরাপত্তা/পারসোনেল ম্যানেজমেন্ট/ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট), ডেসকো।

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০৫.২০.১৬৯/১(৭) তারিখ: ২২ বৈশাখ ১৪২৭
০৫ মে ২০২০

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।
১) নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব/এইচআর/সংগ্রহ/অপারেশন/প্রকৌশল)।
২) স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক।
৩) অফিস কপি।

৫-৫-২০২০
এস. এম. জামিল হুসাইন
মহাব্যবস্থাপক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.৭৬

তারিখ: ২০ চৈত্র ১৪২৬
০৩ এপ্রিল ২০২০

বিষয়: **করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বর্তমান পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা**

দেশে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বর্তমান পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রী নিম্নবর্ণিত ৩১ দফা নির্দেশনা প্রদান করেছেন:

১)	করোনা ভাইরাস সম্পর্কে চিকিৎসা ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ভাইরাস সম্পর্কিত সচেতনতা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
২)	লুকোচুরির দরকার নেই। করোনা ভাইরাসের উপসর্গ দেখা দিলে ডাক্তারের শরণাপন্ন হোন।
৩)	পিপিই সাধারণভাবে সকলের পরার দরকার নেই। চিকিৎসা সংশ্লিষ্ট সকলের জন্য পিপিই নিশ্চিত করতে হবে। এই রোগ চিকিৎসায় ব্যবহৃত পিপিই,মাস্কসহ সকল চিকিৎসা সরঞ্জাম জীবাণুমুক্ত রাখা এবং বর্জ্য অপসারণের ক্ষেত্রে বিশেষ সাবধানতা অবলম্বন করতে হবে।
৪)	কোভিড-১৯ রোগের চিকিৎসায় নিয়োজিত সকল চিকিৎসক, নার্স, ল্যাব টেকনিশিয়ান, পরিচ্ছন্নতাকর্মী, এ্যাম্বুলেন্স চালকসহ সংশ্লিষ্ট সকলের স্বাস্থ্য সুরক্ষায় বিশেষ অগ্রাধিকার প্রদান করতে হবে।
৫)	যাঁরা হোম কোয়ারেন্টাইনে বা আইসোলেশনে আছেন, তাঁদের প্রতি মানবিক আচরণ করতে হবে।
৬)	নিয়মিত হাত ধোয়া, মাস্ক ব্যবহার ও সামাজিক দূরত্ব বজায় রাখাসহ এক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে চলবেন।
৭)	**নদীবেষ্টিত** জেলাসমূহে নৌ-এম্বুলেন্সের ব্যবস্থা করতে হবে।
৮)	অন্যান্য রোগে আক্রান্তদের যথাযথ স্বাস্থ্য পরীক্ষা এবং চিকিৎসাসেবা অব্যাহত রাখতে হবে।
৯)	পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। সারাদেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও উপজেলা পরিষদকে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম আরও জোরদার করতে হবে।
১০)	আইন-শৃঙ্খলা বিষয়ে দৃষ্টি দিতে হবে। জাতীয় এ দুর্যোগে স্বাস্থ্যসেবা বিভাগ, প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী বিভাগসহ সকল সরকারি কর্মকর্তাগণ যথাযথ ও সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে কাজ করে যাচ্ছেন। এ ধারা অব্যাহত রাখতে হবে।
১১)	ত্রাণ কাজে কোন ধরনের দুর্নীতি সহ্য করা হবে না।
১২)	দিনমজুর, শ্রমিক, কৃষক যেন অভুক্ত না থাকে। তাদের সাহায্য করতে হবে। খেটে খাওয়া দরিদ্র জনগোষ্ঠির জন্য অতিরিক্ত তালিকা তৈরি করতে হবে।
১৩)	সোশ্যাল সেফটি নেট কার্যক্রম অব্যাহত থাকবে।
১৪)	অর্থনৈতিক কর্মকান্ড যেন স্থবির না হয়, সে বিষয়ে যথাযথ নজর দিতে হবে।
১৫)	খাদ্য উৎপাদন ব্যবস্থা চালু রাখতে হবে। অধিক ফসল উৎপাদন করতে হবে। খাদ্য নিরাপত্তার জন্য যা যা করা দরকার করতে হবে। কোন জমি যেন পতিত না থাকে।
১৬)	সরবরাহ ব্যবস্থা বজায় রাখতে হবে, যাতে বাজার চালু থাকে।

১৭)	সাধারণ কার্যক্রম অব্যাহত থাকবে। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে হবে।
১৮)	জনস্বার্থে বাংলা নববর্ষের সকল অনুষ্ঠান বন্ধ রাখতে হবে, যাতে জনসমাগম না হয়। ঘরে বসে ডিজিটাল পদ্ধতিতে নববর্ষ উদযাপন করতে হবে।
১৯)	স্থানীয় জনপ্রতিনিধিগণ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সমাজের সকল স্তরের জনগণকে একযোগে কাজ করার আহ্বান জানাচ্ছি। প্রশাসন সকলকে নিয়ে কাজ করবে।
২০)	সরকারের পাশাপাশি সমাজের বিত্তশালী ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে সমন্বয় করে ত্রাণ ও স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা করবেন।
২১)	জনপ্রতিনিধি ও উপজেলা প্রশাসন ওয়ার্ডভিত্তিক তালিকা প্রণয়ন করে দুঃস্থদের মধ্যে খাবার বিতরণ করবেন।
২২)	সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠী যেমন: কৃষি শ্রমিক, দিনমজুর, রিক্সা/ভ্যান চালক, পরিবহন শ্রমিক, ভিক্ষুক, প্রতিবন্ধী, পথশিশু, স্বামী পরিত্যক্তা/ বিধবা নারী এবং হিজড়া সম্প্রদায়ের প্রতি বিশেষ নজর রাখাসহ ত্রাণ সহায়তা প্রদান নিশ্চিত করতে হবে।
২৩)	প্রবীণ নাগরিক ও শিশুদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২৪)	দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (এসওডি)যথাযথভাবে প্রতিপালনের জন্য সকল সরকারি কর্মচারী ও স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতি আহ্বান জানাচ্ছি।
২৫)	নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উৎপাদন,সরবরাহ ও নিয়মিত বাজারজাতকরণ প্রক্রিয়া মনিটরিংয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
২৬)	আতঙ্কিত হয়ে অতিরিক্ত পণ্য ক্রয় করবেন না। খাদ্যশস্যসহ প্রয়োজনীয় সকল পণ্যের পর্যাপ্ত মজুদ রয়েছে।
২৭)	কৃষকগণ নিয়মিত চাষাবাদ চালিয়ে যাবেন। এক্ষেত্রে সরকারি প্রণোদনা অব্যাহত থাকবে।
২৮)	সকল শিল্প মালিক, ব্যবসায়ী ও ব্যক্তি পর্যায়ে নিজ নিজ শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান এবং বাড়ি-ঘর পরিষ্কার রাখবেন।
২৯)	শিল্প মালিকগণ শ্রমিকদের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে নিজেদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে উৎপাদন অব্যাহত রাখবেন।
৩০)	গণমাধ্যম কর্মীরা জনসচেতনতা সৃষ্টিতে যথাযথ ভূমিকা পালন করে চলেছেন। এক্ষেত্রে বিভিন্ন ধরনের গুজব ও অসত্য তথ্য যাতে বিভ্রান্তি ছড়াতে না পারে, সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
৩১)	গুজব রটানো বন্ধ করতে হবে। ডিজিটাল প্লাটফর্মে নানা গুজব রটানো হচ্ছে। গুজবে কান দিবেন না এবং গুজবে বিচলিত হবেন না।

২। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।

৩-৪-২০২০

মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: faco_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব/সচিব (সকল)

২) প্রধান তথ্য অফিসার , তথ্য অধিদফতর

৩) বিভাগীয় কমিশনার (সকল)

৪) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.৭৬/১(২)

তারিখ: ২০ চৈত্র ১৪২৬
০৩ এপ্রিল ২০২০

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৩-৪-২০২০

মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী
উপসচিব